

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৫.২০.৫২

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

০৮ নভেম্বর ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১৪৫২০/২০১৯ মামলায় রুল নিশির আলোকে Show Cause এর জবাবসহ মামলাটিতে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থাগ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৭.১২.২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব আবু তাহের মো: সালেহ উদ্দীন, পিতা: আব্দুল কাদির, মাতা: খায়রুননেসা, সভাপতি, গভর্নিং বডি, দারুল ইসলাম রাহমানিয়া ফাযিল মাদ্রাসা, পোস্ট: নরপতি, উপজেলা এবং থানা:চুনাবুঘাট, জেলা: হবিগঞ্জ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৫২০/২০১৯ মামলা দায়ের করা হয়েছে। মামলাটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট।

০২. উক্ত মামলার রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, দারুল ইসলাম রাহমানিয়া ফাযিল মাদ্রাসা, পোস্ট: নরপতি, উপজেলা এবং থানা: চুনাবুঘাট, জেলা: হবিগঞ্জ এর ফাযিল স্তর এমপিওভুক্ত না হওয়ার প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৯.০৯-১২৩, তারিখ:২৩.১০.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের করা হয়েছে। মামলার রিটে উক্ত দারুল ইসলাম রাহমানিয়া ফাযিল মাদ্রাসার ফাযিল স্তরের এমপিও দাবী করা হয়েছে।

০৩. মামলাটির রুল নিশিতে-

(ক) আবেদনকারী জনাব আবু তাহের মো: সালেহ উদ্দীন এর ২৪.১০.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি না করায় মহামান্য হাইকোর্ট কর্তৃক Show Cause করা হয়েছে এবং ১৪.০১.২০২০ খ্রি: তারিখ বা তার পূর্বে Show Cause এর জবাব চাওয়া হয়েছে। মহামান্য হাইকোর্টের Show Cause এর জবাব দেয়া প্রয়োজন।

(খ) রুল নিশির direction অংশে আবেদনকারী জনাব আবু তাহের মো: সালেহ উদ্দীন এর ২৪.১০.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার নির্দেশ দেয়া হয়েছে। আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তির সাথে সাথে রিটেটি নিষ্পত্তি হয়ে যাবে।এ কারণে জরুরীভিত্তিতে আবেদনখানা নিষ্পত্তি করা প্রয়োজন।

(গ) : রুল নিশির আদেশ:

“Pending hearing of the Rule, respondent No.1 is directed to dispose of petitioner's application dated 24.10.2019 (Annexure-D), in accordance with law, within a period of 60(sixty) days from receipt of the copy of this order. With the disposal of the said application, the Rule itself shall automatically stand discharged as being infructuous.”

০৪. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১ নং রেসপনডেন্ট; মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৩ (তিন) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. উক্ত রিট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

(১) রিট আবেদনকারী জনাব আবু তাহের মো: সালেহ উদ্দীন এর ২৪.১০.২০১৯ খ্রি: তারিখের আবেদনখানা বিধিসম্মতভাবে নিষ্পত্তি করা হয়েছে কী না? হয়ে থাকলে তার প্রমাণক এবং না হয়ে থাকলে নিষ্পত্তির ক্ষেত্রে কোন প্রতিবন্ধকতা আছে কী না?

(২) উক্ত মামলায় রুল নিশির আলোকে *Show Cause* এর জবাবসহ *Affidavit in opposition* মহামান্য আদালতে দাখিল

হয়েছে কী-না? হয়ে থাকলে তার প্রমাণক এবং না হয়ে থাকলে বিলম্বের কারণ কী?

(৩) রুল নিশির আদেশের প্রেক্ষিতে রুল নিষ্পত্তির উদ্দেশ্যে কী কী কার্যক্রম গ্রহণ করা হয়েছে? কার্যক্রমের প্রমাণক প্রয়োজন।

(৪) উক্ত মামলায় শুনানী অন্তে কোন রায় প্রদান করা হয়েছে কী-না?

(৫) উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

(৬) উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৪৫২০/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলক্রমে (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রমাণক এবং বিলম্বের কারণসহ মামলাটি বিষয়ে চাহিত তথ্য আগামী ১৯.১১.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৮-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৫.২০.৫২/১(৭)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৭

০৮ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৮-১১-২০২০

ড. মো: মহাতাব হোসেন

সংযুক্ত কর্মকর্তা (আইন)